

একজন উদার দাতা - বার্গবা

যীশু, যাঁকে আমরা ভালবাসি, আমাদের উদারভাবে দান করতে আদেশ করেছেন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই G1b পাঠ করা উচিত।

প্রার্থনা : “স্বর্গীয় পিতা, তুমি তোমার পুত্র যীশুকে এবং অনন্ত জীবন আমাদের দিয়েছ। সর্বপ্রকার ভাল জিনিস আমাদের দিয়েছ উপভোগের জন্য। দয়া করে আমাকে সাহায্য কর এবং আমার মণ্ডলীকে সাহায্য কর যেন যারা অভাবি তাদের, আমাদের তোমার দেওয়া ভাল জিনিসগুলো দিতে পারি।”

১. উদার ভাবে দান করতে আপনার হৃদয়কে প্রস্তুত করুন এবং আপনার মেসদের শিক্ষা দিন যেন তারাও দিতে পারে।

বার্গবা ও প্রথম খ্রীষ্টিয়ানরা উদারভাবে দান করেছিলেন।

● প্রেরিত ২ঃ৪৪-৪৫ পদে খুঁজে দেখুন প্রথম বিশ্বাসীরা কিভাবে প্রয়োজন মিটাতেন।

ক) কোন্ বিশ্বাসীরা দিয়েছিলেন ?

খ) তারা কাদের দিয়েছিলেন ?

(উত্তর : ক) সকলেই যাদের দেবার সাধ্য ছিল খ) তাদের সবাইকে যাদের অভাব ছিল।)

● প্রেরিত ৪ঃ৩২-৩৭ পদে খুঁজে দেখুন বার্গবা কিভাবে অভাবি বিশ্বাসীদের সাহায্যের জন্য দিয়েছিলেন।

ক) তিনি কি বিক্রয় করেছিলেন ?

খ) তিনি কাদের দিয়েছিলেন ?

(উত্তর : ক) তাদের যতটুকু দেবার ক্ষমতা ছিল, খ) যিরূশালেমের দুস্থ বিশ্বাসীদের)

● প্রেরিত ১১ঃ২৮-৩০ পদে খুঁজে দেখুন প্রয়োজনে কি ভাবে মণ্ডলীর অন্যদেরকে সাহায্য করা উচিত।

ক) বিশ্বাসীরা কতখানি দিয়েছিলেন ?

খ) তারা কাদের দিয়েছিলেন ?

(উত্তর : ক) তাদের যতটুকু দেবার ক্ষমতা ছিল, খ) যিরূশালেমের দুস্থ বিশ্বাসীদের)

যারা দান করে তাদের জন্য ঈশ্বর যে প্রতিজ্ঞাগুলি করেছেন।

● হিতোপদেশ ১৯ঃ১৭ পদে খুঁজে দেখুন

ক) কাদের আমরা দান করবো ?

খ) ঈশ্বরের প্রতিজ্ঞা কি ? উত্তর আমরা যা দান করি, ঈশ্বর আবার তা ফিরিয়ে দেন।

(উত্তর : ক) দরিদ্রদের প্রতি খ) আমরা যা দান করি ঈশ্বর তা আবার আমাদের ফিরিয়ে দেন।)

● লুক ৬ঃ৩০-৩৮ পদে খুঁজে দেখুন।

ক) আমাদের কাদের দান করা উচিত ? উত্তর : যারা আমাদের কাছে চায়, সেই সকলকে।

খ) ঈশ্বরের প্রতিজ্ঞা কি ?

(উত্তর : একই পরিমাণে তাদের আবার ফিরিয়ে দেওয়া হবে।)

● ২য় করিন্থীয় ৯ঃ১-১১ পদে খুঁজে দেখুন

ক) কাদের আমরা দান করবো ?

খ) কতখানি দান করবো ?

গ) ঈশ্বরের প্রতিজ্ঞা কি ?

ঘ) দান সম্বন্ধে আমাদের অনুভূতি কি হওয়া উচিত ?

(উত্তর : ক) দুস্থ খ্রীষ্টিয়ানদের, খ) আমাদের হৃদয়ে যতখানি সংকল্প করি, গ) আমাদের সব সময় দেবার মত অনেক থাকবে। ঘ) আনন্দ সহকারে।)


● ফিলিপীয় ৪ঃ১৩-১৯ পদে খুঁজে দেখুন

ক) কাদের আমরা দান করবো ?

খ) ঈশ্বরের প্রতিজ্ঞা কি ?

(উত্তর : ক) প্রেরিতদের যারা নতুন মণ্ডলী স্থাপন করে খ) আমাদের যা প্রয়োজন ঈশ্বর সব দেবেন।)

- মথি ৬ঃ১৯-২১ পদে খুঁজে দেখুন, আমাদের সম্পদ কোথায় রাখা উচিত
- মথি ৬ঃ৩১-৩৩ পদে খুঁজে দেখুন, প্রথমে আমাদের কিসের অন্বেষণ করা উচিত



২. আপনার সহকর্মীদের মধ্যে আগামী সপ্তাহের কর্ম পরিকল্পনা স্থির করুন।
 - আপনার মেসপালের অভাবগুলি জানুন যেন বিশ্বাসীরা তাদের দান করতে পারে।
 - অভাবগ্রস্তদের পরিদর্শন করুন এবং বিশ্বাসীদের দানের মধ্য দিয়ে তাদের আশির্বাদ করুন, যেমন গালাতীয় ৬ঃ১০ পদে বলা হয়েছে।
 - মণ্ডলী যেভাবে অর্থ লাভ করে ও বিতরণ করে তার একটা নিয়মমাফিক খাতা রাখার ব্যবস্থা করুন।
 - মণ্ডলীর ডিকন ও ডিকনেসদের (পরিচালকবৃন্দ) দরিদ্রদের যত্ন নিতে বিশেষ কাজের ভার দিন যেভাবে প্রেরিত ৬ঃ১-৬ পদে বলা হয়েছে।

৩. আপনার সহকর্মীদের মধ্যে আগামী দিনের আরাধনা সভার পরিকল্পনা করুন।

প্রেরিত ৪ঃ৩২-৩৭ পদে বার্নাবা কিভাবে দরিদ্রদের দান করেছিলেন তা স্মরণ করিয়ে দিন অথবা অভিনয় করে দেখান।

লুক ৭ঃ৩৬-৫০ পদে একজন ক্ষমাপ্রাপ্ত মহিলা যীশুর প্রতি তার প্রেম কি ভাবে প্রকাশ করেছিলেন স্মরণ করিয়ে দিন অথবা অভিনয় করুন।

মার্ক ১২ঃ৩৮-৪৪ পদে এক দরিদ্র মহিলা তার সঞ্চিত যথা সর্বস্ব ঈশ্বরকে কি ভাবে দিল, স্মরণ করিয়ে দিন অথবা অভিনয় করুন অথবা ছেলে মেয়েদের দিয়ে সম্পূর্ণ কাহিনীটির নাট্যরূপ দিন এবং যে প্রশ্ন তারা তৈরী করেছে বড়দের কাছে তা জিজ্ঞাসা করতে দিন।

মুখস্থ পদ, হিতোপদেশ ১৯ঃ১৭

যদি কোন বিশেষ অর্থের প্রয়োজন থাকে তবে তার জন্য সংগ্রহ করা যেতে পারে।

আমাদের প্রতি ঈশ্বরের মহান দানের বিষয় বিশ্বাসীরা পাঠ করুক অথবা আবৃত্তি করুক, যোহন ৩ঃ১৬-১৭, যোহন ৬ঃ৪৭-৫১, ১ যোহন ৩ঃ১৬-১৭ রোমীয় ৬ঃ২৩ পদ।

প্রভুর ভোজ সম্পাদনের জন্য পাঠ করুন ২য় বংশাবলী ৩ঃ১৭-১৯ ব্যাখ্যা করুন যে আমরা নিস্তার পর্বে পালন করি, এবং ঈশ্বর সেই নিস্তার পর্কের মেস পরিবর্তন করে তাঁর উপহার স্বরূপ “ঈশ্বরের মেসশাবক” যীশুকে দিলেন।

দান করা ও গ্রহণ করার বিষয় উৎসাহজনক পদগুলি নিম্নরূপঃ

১ম বংশাবলী ২ঃ৯-১৩

১ম করিন্থীয় ১৬ঃ১-৪

১ম যোহন ৩ঃ১৬-১৯

১ম তীমথি ৫ঃ৩-৫

২য় করিন্থীয় ৯ঃ৭-৮

প্রেরিত ১১ঃ২৮-৩০, ২ঃ৩২-৩৫

যাকোব ২ঃ১৪-১৬

লুক, ৭ঃ৩৬-৫০

মথি, ৬ঃ১৯-২১, ৬ঃ৩১-৩৩, ১৯ঃ২৮-৩০, ২ঃ৩৪-৩৫

ফিলিপীয় ৪ঃ১৩-১৯

হিতোপদেশ ১১ঃ২৪-২৮, ১৯ঃ১৭, ২১ঃ১৩, ২২ঃ৯, ২৮ঃ২৭

গীত সংহিতা, ৩৯ঃ৪-৭

রোমীয় ১০ঃ১৩-১৯, ১ঃ২০-২৫

দ্বি বি ৮ঃ১৫-১৯, ১ঃ৫৭-১১